



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ।

ফোনঃ ৯৫১৪৯১২, E-mail: dgmlcd@krishibank.org.bd



স্বাভাবিক মুজিব ১০০

স্বাভাবিকের প্রতিশ্রুতি

আর্থিক বাস্তবতা

তারিখ : ০১-০৯-২০২১

নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০২১-২০২২/৭৩

মহাব্যবস্থাপক

স্থানীয় মুখ্য কার্যালয়

উপ-মহাব্যবস্থাপক

সকল কর্পোরেট শাখা

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ঋণ শ্রেণীকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ২৬-০৮-২০২১ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-১৯ এবং এতদবিষয়ে ইতোপূর্বে ৩১-০১-২০২১, ২৪-০৩-২০২১ ও ২৭-০৬-২০২১ তারিখে জারীকৃত যথাক্রমে বিআরপিডি সার্কুলার নং-০৩, ০৫ এবং ১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২১ এর মাধ্যমে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২১ এবং বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২১ এর মাধ্যমে প্রদত্ত সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ২০(বিশ) শতাংশ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩১ আগষ্ট ২০২১ তারিখের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণীকরণ করা যাবে না। এক্ষেত্রে জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ সংশ্লিষ্ট সার্কুলার এর নির্দেশনা অনুযায়ী সর্বশেষ কিস্তির সাথে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে পরিশোধ করতে হবে।

০৩। বিআরপিডি সার্কুলার নং-১৯/২০২১ এর মাধ্যমে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে যে, সূত্রোল্লিখিত সার্কুলারসমূহের মাধ্যমে প্রদত্ত সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ২৫(পঁচিশ) শতাংশ ডিসেম্বর/২১ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণীকরণ প্রদেয় হবে। এক্ষেত্রে, ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ বিদ্যমান মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০১(এক) বছরের মধ্যে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে পরিশোধ করতে হবে। বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২১ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ঋণ/বিনিয়োগের বিপরীতে ইতোমধ্যে আদায়কৃত/পরিশোধিত অর্থ এ সার্কুলারের নির্দেশনা পরিপালনের ক্ষেত্রেও আদায় হিসেবে বিবেচনা করা যাবে। তাছাড়া, সূত্রোল্লিখিত সার্কুলারসমূহের আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের উপর আরোপিত সুদ আয়খাতে স্থানান্তরকরণ এবং উক্ত ঋণের বিপরীতে প্রতিশন সংরক্ষণের বিষয়ে পরবর্তীতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

০৪। বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ২৬-০৮-২০২১ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং- ১৯ সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। উল্লেখ্য, আলোচ্য সার্কুলারের সকল নির্দেশনা যথাযথ/কঠোরভাবে পরিপালন এবং কিস্তি পুনঃনির্ধারণে পরবর্তী করণীয় বিষয়ে ক্রেডিট বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ০১ (এক)।

আপনার বিশ্বস্ত,  
০১/০৯/২০২১

(মুহম্মদ সাজ্জাদ হোসেন) .

উপ-মহাব্যবস্থাপক

তারিখ : - ঐ -

নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০২১-২০২২/৭৩(২২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৩। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/অধ্যক্ষ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে আলোচ্য পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, ক্রেডিট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে আলোচ্য সার্কুলার লেটারের নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।

০১/০৯/২০২১

(মোঃ রেদোয়ীনি হোসেন)

উর্ধ্বতন কর্মকর্তা



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)



বিআরপিডি সার্কুলার নং- ১৯

২৬ আগস্ট ২০২১  
তারিখঃ-----  
১১ ভাদ্র ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ৩১ জানুয়ারি ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৩, ২৪ মার্চ ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এবং ২৭ জুন ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২১ এর মাধ্যমে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২১ এবং বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২১ এর মাধ্যমে প্রদত্ত সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ২০(বিশ) শতাংশ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩১ আগস্ট ২০২১ তারিখের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। এক্ষেত্রে জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ সংশ্লিষ্ট সার্কুলার এর নির্দেশনা অনুযায়ী সর্বশেষ কিস্তির সাথে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে পরিশোধ করতে হবে।

০৩। এক্ষেত্রে, কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের নেতিবাচক প্রভাব প্রলম্বিত হওয়ায় চলমান অর্থনৈতিক কর্মকাণ্ডের গতিশীলতা বজায় রাখা এবং বেসরকারী খাতে ঋণ/বিনিয়োগ প্রবাহের গতিধারা স্বাভাবিক রাখার মাধ্যমে কাঙ্ক্ষিত বিনিয়োগ, কর্মসংস্থান ও রপ্তানি বাণিজ্য সমুন্নত রাখার লক্ষ্যে এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, সূত্রোল্লিখিত সার্কুলারসমূহের মাধ্যমে প্রদত্ত সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ২৫(পঁচিশ) শতাংশ ডিসেম্বর/২১ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। এক্ষেত্রে, ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ বিদ্যমান মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০১(এক) বছরের মধ্যে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে পরিশোধ করতে হবে।

০৪। বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২১ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ঋণ/বিনিয়োগের বিপরীতে ইতোমধ্যে আদায়কৃত/পরিশোধিত অর্থ এ সার্কুলারের নির্দেশনা পরিপালনের ক্ষেত্রেও আদায় হিসেবে বিবেচনা করা যাবে।

০৫। সূত্রোল্লিখিত সার্কুলারসমূহের আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের উপর আরোপিত সুদ আয়খাতে স্থানান্তরকরণ এবং উক্ত ঋণের বিপরীতে প্রভিশন সংরক্ষণের বিষয়ে পরবর্তীতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

০৬। এতদ্ব্যতীত উক্ত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২